

## এশিয়ার সেরা ১০০ বিশ্ববিদ্যালয়ের তালিকায় নেই বাংলাদেশের নাম

### ● নিজস্ব প্রতিবেদক

এশিয়ার সেরা ১০০ বিশ্ববিদ্যালয়ের তালিকায় নেই বাংলাদেশের কোনো উচ্চশিক্ষা প্রতিষ্ঠান। গতকাল মঙ্গলবার যুক্তরাজ্যভিত্তিক শিক্ষা ও গবেষণা সংস্থা কোয়াককোয়ারেলি সায়মন্ডসের (কিউএস) 'এশিয়া ইউনিভার্সিটি র‍্যাঙ্কিং ২০২৬' প্রকাশিত হয়েছে। এতে এশিয়ার এক হাজার ৫২৯টি বিশ্ববিদ্যালয়ের স্থান হয়েছে। বড় পরিসরে তৈরি বাংলাদেশের ৪৬টি বিশ্ববিদ্যালয়ের স্থান হয়েছে। এবারো তালিকায় দেশের হয়ে প্রথম অবস্থানে রয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি)। র‍্যাঙ্কিংয়ে এবারের অবস্থান ১৩২তম যা গতবার ছিল ১১২তম। সেরা ২০০ প্রতিষ্ঠানের তালিকায় দেশের আরও ২টি বিশ্ববিদ্যালয় রয়েছে। এর মধ্যে নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ) ১৪৯তম ও বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) ১৬৫তম।

তালিকায় থাকা বাকি বিশ্ববিদ্যালয়গুলো হচ্ছে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, ব্র্যাক

### যুক্তরাজ্যভিত্তিক কিউএস র‍্যাঙ্কিং প্রকাশ

ইউনিভার্সিটি, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজি, খুলনা বিশ্ববিদ্যালয়, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ইস্ট

ওয়েস্ট ইউনিভার্সিটি, আহুছানউল্লা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি, ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বিজনেস এগ্রিকালচার অ্যান্ড টেকনোলজি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সাউথইস্ট বিশ্ববিদ্যালয়, আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, বাংলাদেশ, স্ট্যামফোর্ড বিশ্ববিদ্যালয়, এশিয়ান ইউনিভার্সিটি ফর ■ ১৫ পৃ: ৪-এর কলামে

উইমেন, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক, ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশ (ইউল্যাব), চট্টগ্রাম গভর্নমেন্ট ভেটেরিনারি কলেজ, হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, গ্রিন ইউনিভার্সিটি অব বাংলাদেশ, আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গণ বিশ্ববিদ্যালয়, ওয়ার্ল্ড ইউনিভার্সিটি অব বাংলাদেশ, বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস অ্যান্ড টেকনোলজি, উত্তরা বিশ্ববিদ্যালয় ও বরেন্দ্র বিশ্ববিদ্যালয়।